

সি. স.

দৈনিক সংবাদ

তারিখ 2-2 NOV 1992

পৃষ্ঠা... ৩... কলাম... ৩...

০।

**ঢাকা ও চট্টগ্রামে দু'টি  
বেসরকারী বিশ্ববিদ্যালয়  
স্থাপনের অনুমতি**

॥ রেজা রায়হান ॥

সরকার এ যাবৎ দু'টি বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দিয়েছেন। এ দু'টি হচ্ছে ঢাকায় নর্থ সাউথ ইউনিভার্সিটি এবং চট্টগ্রামে ইউনিভার্সিটি অব টেকনোলজী।

আগস্টে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন পাশের আগে অনুমোদনপ্রাপ্ত দু'টি বিশ্ববিদ্যালয়সহ মোট ৯টি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের আবেদন শিক্ষা মন্ত্রণালয়ে পাওয়া যায়। এ প্রেক্ষিতে বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য সংসদের গত বাজেট অধিবেশনে এ সম্পর্কিত একটি বিল পাস হয়- যা গত ৯ই আগস্ট আইনে বিশ্ববিদ্যালয় : পৃঃ ১০ কঃ ৬

**বিশ্ববিদ্যালয় : দু'টির  
অনুমতি**

( ১ম পৃষ্ঠার পর )

পরিণত হয়। এরপর শিক্ষা মন্ত্রণালয় পূর্বে আবেদনকারী ৯টি প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তাদেরকে নির্ধারিত ফরমে আবেদন করতে বলে। কিন্তু মাত্র ২টি বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তারাই নির্ধারিত ফরমে শর্ত পূরণ করে আবেদন করেন। বাকিরা এখনো সাড়া দেননি।